

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪০টি প্রতিষ্ঠানকে ২.৮৯ লক্ষ টাকা জরিমানা

২৭ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, হবিগঞ্জ, বরিশাল, পটুয়াখালী ও ঝালকাঠিতে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আতিয়া সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডারকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আল ইসলামিয়া কনফেকশনারীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে উজ্জ্বল হোটেল এন্ড রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি ও লালবাগ এলাকায় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সুনামি অভিজাত রেস্টোরাঁকে ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে শাহাবুদ্দিনের মুরগীর দোকানকে ১,০০০/- (এক হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শাহজালাল হোটেল এন্ড রেস্টুরেন্টকে ৮,০০০/- (আট হাজার) টাকাসহ মোট ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরে বাংলানগর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে গ্রিন হোটেল এন্ড সুইটমিটকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে পলাশ ফার্মেসীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বস সুইটস ও লুনা জেনারেল স্টোরকে যথাক্রমে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর রমনা ও শাহবাগ এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও ওজনে কারচুপির অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ৬৬,০০০/- (ষেষটি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের বাবুগঞ্জ ও বানারিপাড়া উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদরে ৫টি প্রতিষ্ঠানকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শাহ সোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশালের বাবুগঞ্জ ও বানারিপাড়া উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর বাউফল উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা এবং ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ৮২,০০০/- (বিরশি হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ওজনের কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রের প্রাপ্ত অভিযোগের অভিযোগ শুনানির মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৬টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৬ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হয়।

আজকের ৯টি বাজার তদারকিতে ৪০টি প্রতিষ্ঠানকে মোট ২.৮৯,০০০/- (দুই লক্ষ ঊননকই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৬ জন অভিযোগকারীকে মং ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, সিলেট, ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, হবিগঞ্জ, বরিশাল, পটুয়াখালী ও ঝালকাঠি।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, হবিগঞ্জ, বরিশাল, পটুয়াখালী ও ঝালকাঠি।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।